



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 8620841, 8620780

নং- বামাশিবো/সংস্থা/নথি নং-১০(৭)/৮১

তারিখ : ২২/০৭/২০১৫ খ্রি:

বিষয় : ১৮ মার্চ ২০১৪ তারিখে অনুষ্ঠিত বাল্য বিবাহ সংক্রান্ত পরামর্শক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র : প্রধানমন্ত্রীর কার্যালয়ের নং- ০৩.০৯২.০০৬.০০.০১৫.২০১৪-১০৬; তারিখ: ২২.০৫.২০১৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ১৮ মার্চ ২০১৪ তারিখে অনুষ্ঠিত বাল্য বিবাহ সংক্রান্ত পরামর্শক সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়, যা দ্রুততম সময়ে বাস্তবায়ন করার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক সূত্রে উল্লিখিত স্মারকে নির্দেশনা প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)।

সিদ্ধান্ত : ক(৩) শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় স্কুল, কলেজ, মাদরাসার ধর্মীয় শিক্ষক/শিক্ষিকা/ কর্মচারী কর্তৃক বিয়ে পড়ানোকে নিরঙ্গসাহিত করে অবিলম্বে পরিপত্র জারী করবে। ধর্মীয় বা অন্য কোন শিক্ষক, কর্মকর্তা/কর্মচারীকে আইনে নির্ধারিত ন্যূনতম বয়স সম্পর্কে নিশ্চিত হয়েই পাত্র পাত্রীর বিয়ে পড়াতে হবে এবং বয়স সংক্রান্ত কাগজপত্রও সংরক্ষণ করতে হবে। বিয়ে পড়ানো শিক্ষক সংশ্লিষ্ট বিয়ে রেজিস্ট্রেশনের বিষয়টিও নিশ্চিত করবেন।

বর্ণিত অবস্থায় সভার সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন দেশের সকল মাদরাসার প্রধানগণকে এবং তাদের অধীনস্থ শিক্ষক/শিক্ষিকা/কর্মকর্তা/কর্মচারীকে “আইনে নির্ধারিত ন্যূনতম বয়স সম্পর্কে নিশ্চিত হয়েই পাত্র-পাত্রীর বিয়ে পড়ানো, বয়স সংক্রান্ত কাগজপত্র সংরক্ষণ করাসহ সঠিক বিয়ে রেজিস্ট্রেশনের বিষয়টি” নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

(এ, কে, এম, ছায়েফ উল্লাহ)

রেজিস্ট্রার ও চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬১২৮৫৮

অধ্যক্ষ/সুপার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাদরাসা।

নং- বামাশিবো/সংস্থা/নথি নং-১০(৭)/৮১(৮)

তারিখ : ২২/০৭/২০১৫ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

১. অতিরিক্ত সচিব (মাদরাসা), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. সিনিয়র সহকারী সচিব, অধিশাখা-৪ (সমন্বয় ও সংসদ), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. পরীক্ষা নিয়ন্ত্রক/ মাদরাসা পরিদর্শক/ প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. সিনিয়র সিস্টেম এনালিষ্ট (চ. দা.), কম্পিউটার শাখা, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
(প্রাপ্তি বোর্ডের ওয়েব সাইটে জরুরী ভিত্তিতে প্রকাশ ও প্রচার করার জন্য তাঁকে অনুরোধ করা হলো)
৭. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

(মোঃ মজিবুর রহমান)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৭৪৮৮৭৮

DR(A)
৩
১২/৭/১৪
FAX ৮৮০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন
ঢাকা

পত্র সংখ্যা ০৩.০৯২.০০৬.০০.০০.০১৫.২০১৪ - ৮০৬

তারিখ . ২২-০৫-২০১৪.....
১২/৭/১৪

বিষয়ঃ ১৮ মার্চ ২০১৪ তারিখে অনুষ্ঠিত বাল্য বিবাহ সংক্রান্ত পরামর্শক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজার্ভীর সভাপতিতে অনুষ্ঠিত সভার স্বল্প ও মধ্য মেয়াদে বাস্তবায়নযোগ্য সিদ্ধান্ত সমূহের ক ও খ নং ক্রমিকে নিরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

সিদ্ধান্ত:

(ক) শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ক্লুব, কলেজ, মাদ্রাসার ধর্মীয় শিক্ষক/ শিক্ষিকা/ কর্মচারী কর্তৃক বিয়ে পড়ানোকে নিরুৎসাহিত করে অবিলম্বে পরিপ্রেক্ষ জারী করবে। ধর্মীয় বা অন্য কোন শিক্ষক, কর্মকর্তা/কর্মচারীকে আইনে নির্ধারিত ন্যূনতম বয়স সম্পর্কে নিশ্চিত হয়েই পাত্র পাত্রীর বিয়ে পড়াতে হবে এবং বয়স সংক্রান্ত কাগজপত্রও সংরক্ষণ করতে হবে। বিয়ে পড়ানো শিক্ষক সংশ্লিষ্ট বিয়ে রেজিস্ট্রেশনের বিষয়টিও নিশ্চিত করবেন। এ বিষয়গুলো পরিপন্থে উল্লেখ থাকতে হবে।

(খ) ছাত্রীদের জন্য শিক্ষা উপবৃত্তির পরিমাণ ও সংখ্যা বৃদ্ধির জন্য শিক্ষা মন্ত্রণালয় যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

এমতাবস্থায়, উল্লেখিত সিদ্ধান্ত দুটি যথাযথভাবে দ্রুততম সময়ে বাস্তবায়নপূর্বক এ কার্যালয়কে অবহিত করার জন্য তাকে নির্দেশক্রমে সানুগ্রহ অনুরোধ করা হলো।

মোহাম্মদ নাভিদ শফিউল্লাহ
পরিচালক
গভর্নেন্স ইনোভেশন ইউনিট
ফোনঃ ৯১৩১৮৬৯ ফ্যাক্সঃ ৯১৩১৮৬৯
e-mail:innovation@pmo.gov.bd

সচিব

শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ (জেন্ট্যুনার ক্রমানসারে নয়)

- ১। মুখ্য সচিব এর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
- ২। সিনিয়র সচিব এর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
- ৩। পরিচালক (প্রশাসন) প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
- ৪। প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
- ৫। উপ-পরিচালক (সকল), জিআইইউ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
- ৬। ব্যাঙ্গালগত কর্মকর্তা, মহাপরিচালক, জিআইইউ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
- ৭। অফিস কপি।